অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল অপিওয়েড সঙ্কট মোকাবেলায় আইন প্যাকেজ স্বাক্ষর করেছেন

S.911/A.2354 অপিওয়েড অ্যান্টাগোনিস্ট বহনের সাথে সম্পর্কিত

S.1795/A.533 কারাবন্দীদের ক্ষেত্রে ঔষধ সহায়ক চিকিৎসা ব্যবহারের প্রোগ্রাম স্থাপনের সাথে সম্পর্কিত

S.2523/A.868 হাইপোডার্মিক সুঁই ও সিরিঞ্জ বহন ও বিক্রি ডিক্রিমিনালাইজ করার সাথে সম্পর্কিত

S.6044/A.128 অপিওয়েড অ্যান্টাগোনিস্ট বিতরণকারীদের জন্য অনলাইন ডিরেক্টরি স্থাপনের সাথে সম্পর্কিত

S.7228/A.5511 গুরুতর অপরাধে শাস্তিপ্রাপ্তদের জন্য জুডিশিয়াল ডাইভার্শনের সাথে সম্পর্কিত

গভর্নর ক্যাথি হোচুল আজকে নিউ ইয়র্ক স্টেটে মাদক-সংক্রান্ত ওভারডোজের ফলে মৃত্যু হ্রাস করা ও আসক্তদের সুস্থ হওয়ার জন্য সাহায্য নিতে অনুপ্রাণিত করার উদ্দেশ্যে জন জে কলেজে আইন (S.911/A.2354, S.1795/A.533, S.2523/A.868, S.6044/A.128, S.7228/A.5511) স্বাক্ষর করেন।

"আসক্তি যেকোনো পরিবারকে হঠাৎ করে এবং কঠিনভাবে প্রভাবিত করতে পারে - এমন মানুষ আছে যারা নিজেদের কোনো দোষ ছাড়াই একটি নিষ্ঠুর চক্রে আবদ্ধ হয়ে পড়ে," **গভর্নর হোচুল বলেন।** "এটি আমার জন্য একটি ব্যক্তিগত লড়াই এবং এইসব বিলকে আইন হিসেবে স্বাক্ষর করে অপিওয়েড সঙ্কট মোকাবেলা করতে পেরে আমি গর্বিত। মাদকদ্রব্য ব্যবহার থেকে বাঁচার জন্য সাহায্য চাইতে কোনো লজ্জা নেই এবং আমি সকল নিউ ইয়র্কবাসীকে বলতে চাই আমি আপনাদের সাথেই আছি। যাদের প্রয়োজন আছে তাদের সবার জন্য চিকিৎসার ব্যবস্থা থাকা উচিত।"

মাদক-সম্পর্কিত ওভারডোজ প্রতিরোধে অপিওয়েড অ্যান্টাগোনিস্ট ব্যবহার বৃদ্ধি করার জন্য, আইন S.911/A.2354 ক্রিমিনাল প্রসিডিউর আইন, সিভিল প্র্যাকটিস আইন এবং নিয়ম এবং

এক্সিকিউটিভ আইন সংশোধন করে। বিলটি অপিওয়েড অ্যান্টাগোনিস্ট, যা হল এমন মাদক যা অপিওয়েড রিসেপ্টর্সকে সক্রিয় না করে তার সাথে যুক্ত হয়ে অপিওয়েড ব্লক করে।

স্টেট ও স্থানীয় সংশোধন ফ্যাসিলিটিতে কারাবন্দীদের ক্ষেত্রে ঔষধ সহায়ক মাদক ব্যবহার ডিজঅর্ডার চিকিৎসার ব্যবহার করার জন্য প্রোগ্রাম স্থাপন করতে আইন S.1795/A.868 কাজ করে। ঔষধ সহায়ক চিকিৎসা (medication assisted treatment, MAT) সম্প্রসারিত করলে, স্টেট ও স্থানীয় ফ্যাসিলিটিগুলিতে কারাবন্দীরা ঔষধ এবং থেরাপির অধিকার পাবে, ফলে তারা মাদক ব্যবহার থেকে সরে আসার সুযোগ পাবে এবং সমাজে ফিরে যাওয়ার পর মাদক-সংক্রান্ত ওভারডোজে ভোগার সম্ভাবনা হ্রাস পাবে।

আইন S.2523/A.868 হাইপোডার্মিক সুঁই ও সিরিঞ্জ বহন ও বিক্রি ডিক্রিমিনালাইজ করে। মাদক-সম্পর্কিত উপকরণ ডিক্রিমিনালাইজ করার আইন মাদক ব্যবহার ডিজঅর্ডারে ভোগা ব্যক্তিদের জন্য ক্ষতি হ্রাসকারী ব্যবস্থার অনুমতি প্রদান করে এবং HIV ও হেপাটাইটিস সংক্রমণের হার হ্রাস করে জননিরাপত্তায় অবদান রাখে।

আইন S.6044/A.128 অপিওয়েড অ্যান্টাগোনিস্ট বিতরণকারীদের জন্য অনলাইন ডিরেক্টরি স্থাপন করে যার ফলে যেসব নিউ ইয়র্কবাসী এইসব জীবনরক্ষাকারী ঔষধ নিজের কাছে রাখতে চায় তারা সহজেই এগুলি খুঁজে পেতে পারে। অফিস অফ অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) তাদের ওয়েবসাইটে ডিরেক্টরিটির রক্ষণাবেক্ষণ করবে।

মাদক ব্যবহার ডিজঅর্ডারসহ ব্যক্তিদের দ্বারা কৃত যেসব অপরাধকে মাদক ব্যবহার চিকিৎসা প্রোগ্রামে পরিবর্তন করা যায়, আইন S.7228/A.5511 সেই সংখ্যা বৃদ্ধি করে এবং "মাদক অপব্যবহার" শব্দটিকে "মাদক ব্যবহার" হিসেবে গণ্য করে। এটি নিশ্চিত করবে যে বিচারকেরা কোনো ব্যক্তিকে কারাবাসের পরিবর্তে চিকিৎসার নির্দেশ দিতে পারবেন, যা তাদের সফল দীর্ঘ-মেয়াদি পুনর্বাসনের সুযোগ বৃদ্ধি করবে।

সিনেটর পিট হারখাম বলেন, "এই পাঁচটি ওভারডোজ প্রতিরোধ বিল স্বাক্ষর করার মাধ্যমে, যার মধ্যে আমার উপস্থাপিত একটি বিল রয়েছে যেটি পুরো স্টেটে অপিওয়েড ওভারডোজ উইথড্রয়াল মাদক বিতরণ করে এমন সবাইকে চিহ্নিত করে একটি অনলাইন ডিরেক্টরি তৈরি করে, গভর্নর হোচুল প্রিয়জন ও প্রতিবেশীদের জীবন বাঁচাতে সাহায্য করছেন। তবুও তাদের অনেকেই মাদক ব্যবহার ডিজঅর্ডার এবং এ সংক্রান্ত বহু সমস্যায় ভুগছে। মানুষকে নিরাময় ও সুস্থতার পথে নিয়ে যাওয়ার জন্য মাদক ব্যবহার চিকিৎসার সকল সুযোগ প্রদান করতে আমরা একসাথে কাজ করে যাবো।"

সিনেটর গুস্তাভো রিভেরা বলেন, "ওভারডোজ বৃদ্ধির ফলে এবং বৈশ্বিক মহামারীর ধকলে বর্ধিত মাদক ব্যবহারের ফলে আমরা যেহেতু ব্যাপক জনস্বাস্থ্য সঙ্কটের সম্মুখীন হচ্ছি, তাই নিউ ইয়র্কের আইনকে অবশ্যই ক্ষতি হ্রাসকারী ব্যবস্থা গ্রহণ করে নিতে হবে যেগুলি প্রকৃতপক্ষে জীবন বাঁচাবে এবং আমাদের সম্প্রদায়সমূহকে সুরক্ষা প্রদান করবে। আজকে, গভর্নর হোচুল একাধিক ব্যবস্থাকে আইন হিসেবে স্বাক্ষর করে, যার মধ্যে আমার সিরিঞ্জ ডিক্রিমিনালাইজ

করার বিল রয়েছে, মাদক ব্যবহারে ভোগা নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছেন যেটি আমাদের ক্রিমিনালাইজেশন থেকে দূরে কার্যকর চিকিৎসার দিকে নিয়ে যায়। আমাদের স্টেটের ওভারডোজ সঙ্কট শেষ করতে সহানুভূতিশীল, স্বাস্থ্য-কেন্দ্রিক প্রচেষ্টা অগ্রসর করতে আমি গভর্নর ও ক্ষতি হ্রাসকারী উকিলদের সাথে একত্রে কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

সিনেটর জামাল বেইলি বলেন, "অপিওয়েড সঙ্কটে সত্যিকারের পরিবর্তনের ঢেউ আনতে, আমাদেরকে অবশ্যই এটিকে একটি জনস্বাস্থ্য জরুরি অবস্থা হিসেবে বিবেচনা করতে হবে এবং যাদের সর্বাধিক সাহায্য প্রয়োজন তাদের কাছে সাহায্য পৌঁছানো নিশ্চিত করতে আমাদের সম্ভাব্য সবকিছু করতে হবে। দীর্ঘ সময় ধরে, ব্রঙ্কস ও স্টেটের অন্যান্য সম্প্রদায়কে বিপর্যস্ত করা অপিওয়েড সঙ্কট মোকাবেলায় নিউ ইয়র্কের অপরাধ বিচার ব্যবস্থাকে দুঃখজনকভাবে অবহেলা করা হয়েছে। আজকে একটি সার্বিক যত্নের মডেল স্থাপন এবং মাদকসেবী কারাবন্দী নিউ ইয়র্কবাসীর জন্য জীবন রক্ষাকারী চিকিৎসার ব্যবস্থা সম্প্রসারণ করে আমরা একটি ঐতিহাসিক পদক্ষেপ নিচ্ছি। আজকে যেসব বিল আইন হিসেবে স্বাক্ষর করা হল তা নিউ ইয়র্কের অপরাধ বিচার ব্যবস্থা সংশোধন ও মাদক ব্যবহারে শাস্তিমূলকের পরিবর্তে পুনর্বাসনমূলক ব্যবস্থা অগ্রসর করতে আমাদের চলমান প্রচেষ্টার জন্য অতি জরুরি। এই আইন অসংখ্য জীবন বাঁচাবে, কারাবন্দীদের স্বাস্থ্য সেবা অধিকারে ইক্যুইটি পার্থক্য হ্রাস করবে, অপরাধ প্রবণতা হ্রাস করবে,, এবং ব্যক্তিদের সম্পূর্ণ সুস্থ হয়ে নিজেদের সম্প্রদায়ে ফিরে যেতে সাহায্য করবে। আমি ঐতিহাসিক এই বিলগুলিতে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে এবং এইসব বিল পাশের ক্ষেত্রে অক্লান্তভাবে কাজ করে যাওয়ার জন্য সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, সংসদের স্পিকার কার্ল হিস্টি, সংসদ সদস্য ডায়ানা সি. রিচার্ডসন, সংসদ সদস্য লিন্ডা বি. রোজেনথাল, উভয় হাউজে আমার সহকর্মীবৃন্দ এবং অন্য সব সমর্থককে ধন্যবাদ জানাতে চাই।"

সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "অপিওয়েড আসক্তি আমাদের সমাজের কলঙ্ক - এটি আসক্ত ব্যক্তি, তার পরিবার ও বন্ধুদের জন্য তীব্র যন্ত্রণা ও দুর্ভোগ সৃষ্টি করে। সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) অনুযায়ী, 2019 সালে অপিওয়েড ওভারডোজে প্রায় 50,000 জনের মৃত্যু হয়েছে। আইনটির মানুষকে জীবন রক্ষাকারী ঔষধ ব্যবহারে অনুপ্রাণিত করবে যেহেতু আইনের আদালতে এইসব ঔষধ তাদের বিপরীতে প্রমাণ হিসেবে ব্যবহার করা যাবে না ফলে অপিওয়েড জনিত মৃত্যু কম হবে।"

অ্যাসেম্বলিমেম্বার রিচার্ড গটফ্রিড বলেন, "2000 সালে প্রেসক্রিপশন ছাড়া সিরিঞ্জ বহন বৈধ করার পর থেকে নিউ ইয়র্ক সিরিঞ্জ অ্যাক্সেস নিয়ে কাজ করছে। "2000 সালে প্রেসক্রিপশন ছাড়া সিরিঞ্জ বহন বৈধ করার পর থেকে নিউ ইয়র্ক সিরিঞ্জ অ্যাক্সেস নিয়ে কাজ করছে। HIV/AIDS এবং হেপাটাইটিস C সংক্রমণ হ্রাসের লড়াইয়ে এবং মাদক ব্যবহারকারীর স্বাস্থ্য সুরক্ষায় সিরিঞ্জ বিনিময় প্রোগ্রাম অতি জরুরি হাতিয়ার হিসেবে কাজ করেছে। দুর্ভাগ্যবশত, আইনের কারিগরি ফাঁকের কারণে মানুষ এখনো গ্রেফতার হচ্ছে। গভর্নর হোচুলের স্বাক্ষরকৃত বিলটি বহন ডিক্রিমিনালাইজ করার কাজটি সম্পন্ন করবে। আমি এই বিষয়ে বহু বছরের কঠোর

পরিশ্রমের জন্য বহু সমর্থক ও সিনেট স্পন্সর গুস্তাভো রিভেরাকে ধন্যবাদ জানাচ্ছি এবং এই জরুরি বিল স্বাক্ষরে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য গভর্নর হোচুলের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলিমেম্বার লিন্ডা বি. রোজেনথাল বলেন, "2020 সালে আগের যেকোনো সময়ের থেকে বেশি নিউ ইয়র্কবাসী ওভারডোজের কারণে প্রাণ হারিয়েছে, যা সমর্থক সেবা সম্প্রসারণ ও ক্ষতি হ্রাসকারী ব্যবস্থার অতি জরুরি প্রয়োজন প্রদর্শন করছে। আইনের এই প্যাকেজটি এই স্বীকৃতি দেয় যে আসক্তিকে জনস্বাস্থ্য সমস্যা হিসেবে বিবেচনা করতে হবে, নৈতিক অবক্ষয় হিসেবে নয়। নিউ ইয়র্কের 80 শতাংশ কারাবন্দী মাদক ব্যবহার ডিজঅর্ডারে ভুগছে, আমি গর্বিত যে আমরা অবশেষে কারাগারে যাদের প্রয়োজন তাদের ঔষধ সহায়ক চিকিৎসা দিতে পারবো, যেমনটি অন্য যেকোনো সমস্যার জন্য চিকিৎসাসেবা প্রদান করা হয়ে থাকে। এছাড়াও আমি গর্বিত যে অসংখ্য জীবন বাঁচানোর হাতিয়ার ন্যালোক্সন একটি ডিরেক্টরির মাধ্যমে সহজলভ্য করা হচ্ছে, যার ফলে নিউ ইয়র্কবাসীরা নিজেদের সম্প্রদায়ের মধ্যে সহজেই এটি খুঁজে পাবে। বিলের এই প্যাকেজটি, যার মধ্যে অতি বিলম্বিত হাইপোডার্মিক সিরিঞ্জ ডিক্রিমিনালাইজ করা এবং জুডিশিয়াল ডাইভার্শনের মাধ্যমে চিকিৎসার ব্যবস্থা সম্প্রসারণ রয়েছে, পরিষ্কার বার্তা পাঠায় যে ওভারডোজের ইতি টানার লড়াইয়ে নিউ ইয়র্ক স্টেট অগ্রগামী। এই বিলগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলিমেম্বার জেফরি ডিনোউইজ বলেন"ন্যালোক্সনের (নারকান, Narcan) মতো অপিওয়েড অ্যান্টাগোনিস্ট ওভারডোজে মৃত্যু ঠেকাতে একটি অত্যন্ত অত্যাবশ্যকীয় হাতিয়ার, এবং এটির ব্যাপক উপলভ্যতা অনুপ্রাণিত করতে আমাদের সম্ভাব্য সব কিছু করা উচিত। মাদক চিকিৎসা প্রদানকারী, চিকিৎসক, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীরাসহ বিশেষজ্ঞরা সকলেই ওভারডোজ সম্পর্কিত মৃত্যু প্রতিরোধ করতে অপিওয়েড অ্যান্টাগোনিস্ট উপলভ্য থাকার গুরুত্বের ব্যাপারে কথা বলেছেন। ধন্যবাদ গভর্নর হোচুল এই জরুরি বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য যাতে করে যারা ওভারডোজ ঠেকানোর অবস্থানে রয়েছে তারা যেন আইনি জটিলতার ভয়ে নারকান বহন করা বন্ধ না করে।"

নিউ ইয়র্ক অ্যাসোসিয়েশন অফ অ্যালকোহলিজম অ্যান্ড সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রোভাইডার্সের (New York Association of Alcoholism and Substance Abuse Providers) নির্বাহী পরিচালক জন কপোলা বলেন, "নিউ ইয়র্কে যখন ওভারডোজ ও আসক্তির মহামারীর অভিজ্ঞতা অব্যাহত থাকছে, তখন গভর্নর হোচুলের আজকের স্বাক্ষরকৃত বিলগুলি আমাদের প্রত্যুত্তরকে সার্বিক জনস্বাস্থ্য পন্থার দিকে নিয়ে যাবে এবং সকল মানুষের যাতে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবার সুযোগ থাকে তা নিশ্চিত করার জন্য উল্লেখযোগ্য হাতিয়ার প্রদান করবে।"
স্টুডেন্ট অ্যাসিস্টেন্স সার্ভিসেস কর্পোরেশনের (Student Assistance Services Corporation) নির্বাহী পরিচালক এলেন মোরহাউজ বলে, "আমি অপিওয়েড সঙ্কটে ভোগা মানুষের জন্য গভর্নর হোচুলের অব্যাহত উদ্বেগের প্রশংসা করছি এবং নিউ ইয়র্কের অন্য মহামারীর সমাধানে পদক্ষেপ নিতে তার নেতৃত্বের সমাদর করি।"

নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়নের (New York Civil Liberties Union, NYCLU) নির্বাহী পরিচালক ডোনা লিবারম্যান বলেন, "মানুষকে তাদের প্রাপ্য চিকিৎসা সেবা প্রদান

করা এবং জীবন রক্ষার জন্য এই আইনটি একটি গুরুত্বপূর্ণ ধাপ। অপিওয়েড ডিজঅর্ডারের জন্য ঔষধ ঐচ্ছিক নয়; আমাদের জাতীয় অপিওয়েড মহামারীতে ভোগা বহু নিউ ইয়র্কবাসীর জন্য এটি প্রয়োজন। চিকিৎসকের-প্রেসক্রাইব করা এসব ঔষধ ছাড়া, অপিওয়েড ডিজঅর্ডারসহ মানুষ যন্ত্রণাদায়ক উইথড্রয়ালে ভুগবে এবং পুনরায় মাদকে ফিরে যাওয়া, ওভারডোজ ও মৃত্যুর বর্ধিত ঝুঁকির সম্মুখীন হবে - যার প্রভাব কারাগারে অপিওয়েড ব্যবহার ডিজঅর্ডার নিরাময়ের পথে থাকা ব্যক্তিদের জন্য আরো বেশি। কারাবন্দী মানুষের নিরাপত্তা, সম্মান ও মর্যাদার অধিকার আছে, এবং স্টেট ও কাউন্টি কর্মকর্তাদের তাদের জিম্মায় থাকা মানুষের যত্ন প্রদান ও তাদের অধিকার রক্ষা করার কর্তব্য রয়েছে। যেহেতু এটি একটি জীবন-মৃত্যুর ব্যাপার, স্টেটকে অবশ্যই শীর্ষ অগ্রাধিকার ভিত্তিতে আইনটি দ্রুত বাস্তবায়ন করতে হবে।"

নিউ ইয়র্ক থেরাপিউটিক কমিউনিটিজের (New York Therapeutic Communities) প্রেসিডেন্ট সিপ ভার্মা বলেন, "তার প্রশাসনের শুরুর দিকেই এই গুরুত্বপূর্ণ আইনটি স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোচুলের প্রশংসা করছি, এটি অপিওয়েড মহামারী সমাধানের গুরুত্বের সঙ্কেত প্রদান করছে এবং আসক্তি চিকিৎসা, প্রতিরোধ ও নিরাময় সেবা প্রদানের ব্যবস্থা করার তার অঙ্গীকার প্রদর্শন করছে। এই অতি জরুরি বিষয়কে প্রভাবিত করার কৌশল ও সমাধান বিকাশে, যা বহু নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করবে, আমি গভর্নরের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

কোয়ালিশন অফ মেডিকেশন-অ্যাসিস্টেড ট্রিটমেন্ট প্রোভাইডার্স অ্যান্ড অ্যাডভোকেটসের (Coalition of Medication-Assisted Treatment Providers and Advocates, COMPA) প্রেসিডেন্ট অ্যালেগ্রা স্কোর বলেন, "অপিওয়েড ওভারডোজ বিল, সিরিঞ্জ ডিক্রিমিনালইজেশন (S2523/A868) এবং কারাগার ও জেলে MAT (S1795/A533) প্রণয়ন করার জন্য COMPA গভর্নর ক্যাথি হোচুল এবং নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) প্রশংসা করছে। সীমাবদ্ধ ঔষধ-সহায়ক চিকিৎসা কারাবন্দীদের ভালো থাকার জন্য হুমকিস্বরূপ যাদের মুক্তির পর পুনরায় মাদক-সংক্রান্ত ব্যাপারে লিপ্ত হয়ে মৃত্যুর ঝুঁকি 12 গুণ পর্যন্ত বেশি। এই আইন নিশ্চিত করবে যে কারাবন্দীদের জন্য এখন MAT সুবিধা থাকবে, বর্তমানে বন্দিদশায় অপিওয়েড ব্যবহার ডিজঅর্ডারসহ মানুষ যেই অমানবিক ব্যবহার পায় তা বন্ধ করবে। এটি প্রতিরোধযোগ্য প্রাণঘাতী মাদক ওভারডোজ এবং সংক্রামক ব্যাধির সংক্রমণ হ্রাস করবে।"

লিগ্যাল অ্যাকশন সেন্টারের (Legal Action Center) পলিসি অ্যাডভোকেসির ভাইস প্রেসিডেন্ট ট্রেসি গার্ডনার বলেন, "আজকে আইন স্বাক্ষরের মাধ্যমে গভর্নর হোচুল যে ওভারডোজ প্রতিরোধকে তার প্রশাসনের একটি মুখ্য অগ্রাধিকার করেছেন তার জন্য লিগ্যাল অ্যাকশন সেন্টার তার প্রশংসা করছে, এটি স্বীকৃতি দেয় যে স্বাস্থ্য প্রধান ব্যবস্থাই হল চলমান ওভারডোজ মহামারী সমাধানের উপায়। বিশেষ করে, সিরিঞ্জ বহন ডিক্রিমিনালাইজ করার ফলে মাদকসেবীদের স্বাস্থ্য ও নিরাময়ে একটি অতি গুরুত্বপূর্ণ পথ প্রদান করে। এছাড়াও, বহুদিন ধরেই মাদক ব্যবহার ডিজঅর্ডারের চিকিৎসায় ঔষধ ব্যবহার একটি স্ট্যান্ডার্ড হিসেবে গ্রহণ করা হচ্ছে, কিন্তু অনেক লম্বা সময় ধরে কারাবন্দীরা এসব ঔষধ পাচ্ছে না, যার সরাসরি ফলাফল হিসেবে যখন মাদক ব্যবহার ডিজঅর্ডারসহ মানুষ সম্প্রদায়ে পুনঃপ্রবেশ করে তখন তাদের অত্যন্ত বেশি মাত্রায় ওভারডোজের ঝুঁকি থাকে। গভর্নর হোচুল আজকে যেই আইনটি

স্বাক্ষর করছেন তা অবশেষে স্টেটের কারাগার ও জেলখানায় মানুষদের নিরাময়ে সাহায্য করতে এবং এই বিধ্বংসী মহামারী কাটিয়ে উঠতে এইসব ঔষধ পাওয়ার ব্যবস্থা নিশ্চিত করবে।"

ড্রাগ পলিসি অ্যালায়েন্সের (Drug Policy Alliance) নির্বাহী পরিচালক ক্যাসান্দ্রা ফ্রেডরিক বলেন, "নিউ ইয়র্কের ওভারডোজ সমস্যা সমাধানে আজ একটি সম্মুখে অগ্রসর হওয়ার দিন। কয়েক দশক ধরে, ড্রাগ পলিসি অ্যালায়েন্স, ভোকাল-NY (VOCAL-NY) এবং আমাদের মিত্ররা সিরিঞ্জের জন্য অপরাধ পেনাল্টি অপসারণ ও জনস্বাস্থ্য হাতিয়ার হিসেবে নিরাপদ সিরিঞ্জ অ্যাক্সেস সম্প্রসারণ করার জন্য লড়াই করে যাচ্ছি। সিরিঞ্জ ডিক্রিমিনালাইজেশনকে আইন হিসেবে স্বাক্ষর করে, গভর্নর হোচুল ব্যর্থ কট্টর মাদক যুদ্ধ যুক্তির বদলে, যা নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে ব্যর্থ হয়েছে এবং বহু প্রাণনাশের কারণ, জনস্বাস্থ্যকে এবং প্রমাণ-ভিত্তিক পলিসিকে সঠিকভাবে অগ্রাধিকার দিচ্ছেন। এছাড়া গভর্নর হোচুল নিউ ইয়র্কের জেলখানা ও কারাগারে অপিওয়েড ব্যবহার ডিজঅর্ডারসহ মানুষের জন্য ঔষধের ব্যবস্থা করে একটি নতুন দুয়ার উন্মোচন করছেন। আমরা বিশ্বাস করি যে কোনো ব্যক্তির সমস্যাযুক্ত মাদক ব্যবহারের সমাধান কারাদণ্ড নয়, এবং যারা মাদক ব্যবহার নিয়ে ভুগছে তাদের চিকিৎসা সেবা পাওয়া উচিত। বর্তমানে, সম্প্রতি কারাগার থেকে মুক্তি পাওয়া মানুষের মৃত্যুর বড় কারণগুলির একটি হয়ে উঠেছে ওভারডোজ -- এই বিলটি উন্মত্ত প্রতিরোধযোগ্য ওভারডোজ মৃত্যুর সমাধানে কাজ করবে। প্রাণঘাতী ওভারডোজের ঝুঁকি কমানো এবং অপিওয়েড নির্ভরতার দীর্ঘমেয়াদি নিরাময়ের সম্ভাবনা সৃষ্টি করার জন্য ব্যক্তিদের অপিওয়েড ব্যবহার ডিজঅর্ডারের জন্য যথাযথ ঔষধের আওতায় নিয়ে আসা সঠিক পদক্ষেপ, সেই ব্যক্তি সম্প্রদায় বা কারাগার যেখানেই থাকুক না কেন। বিলটি কারাবন্দীদের জন্য এই অতি জরুরি অ্যাক্সেসটি প্রদান করে যা অতি দীর্ঘদিন ধরে নিষ্ঠুরভাবে বন্ধ করা ছিল। প্রতিরোধযোগ্য ওভারডোজ মৃত্যু ঠেকাতে বহুল-প্রতীক্ষিত এই পদক্ষেপ নেওয়ার জন্য আমরা গভর্নর হোচুলের প্রশংসা করছি এবং যেহেতু নিউ ইয়র্ক রেকর্ড-সর্বোচ্চ ওভারডোজ মৃত্যুর হারের সংগ্রাম করছে তাই আরো দ্রুত পদক্ষেপ দেখার জন্য উন্মুখ হয়ে আছি। জীবন বাঁচানোর জন্য আমরা এখন সমাধান-কেন্দ্রিক ও প্রমাণ-ভিত্তিক পলিসির দিকে ঝুঁকতে পারি এবং আমাদের অবশ্যই তাই করা উচিত।"

ভোকাল-NY এর ইউজার ইউনিয়নের (Users Union) নেতারা বলেন, "জেলখানা ও কারাগারের ভেতর যন্ত্রণাদায়ক উইথড্রয়াল ভুক্তভোগী এবং সিরিঞ্জ বহন করার কারণে গ্রেফতার হওয়া মানুষ হিসেবে - আমরা অত্যন্ত আনন্দিত যে গভর্নর হোচুল এই দুইটি বিল স্বাক্ষর করে ওভারডোজ সঙ্কটের ইতি টানার ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছেন। কিন্তু আমাদের লড়াই শেষ হতে এখনো অনেক পথ বাকি। কালো ও বাদামি নিউ ইয়র্কবাসীরা জীবন রক্ষাকারী ঔষধ পাওয়ার জন্য বাধার সম্মুখীন হওয়া ও মাদক ব্যবহারের জন্য সাদা নিউ ইয়র্কবাসীর তুলনায় অনেক বড় অনুপাতে ক্রিমিনালাইজড হচ্ছে। আমাদের আশা হল গভর্নর হোচুল নিশ্চিত করবেন যাতে এই বিলগুলি যথাযথভাবে বাস্তবায়িত হয়, এবং আমাদের বিধ্বংসী ওভারডোজ সঙ্কটকে ইন্ধন যোগায় যে বর্ণবাদী ও শ্রেণীবাদী যুদ্ধ তা শেষ করার পথে নিউ ইয়র্ককে তিনি নেতৃত্ব দিতে থাকবেন।"

লিগ্যাল এইড সোসাইটির (Legal Aid Society) প্রিজনার্স রাইটস প্রোজেক্টের (Prisoners' Rights Project) স্টাফ অ্যাটর্নি কেইলা সিম্পসন বলেন, "অতি দীর্ঘ সময় ধরে

স্টেটের কারাগারগুলিতে আমাদের মক্কেলদের অপিওয়েড ব্যবহার ডিজঅর্ডারের জন্য স্ট্যান্ডার্ড যত্ন হিসেবে স্বীকৃত ঔষধ থেকে বঞ্চিত করা হয়েছে। চিকিৎসা পাওয়ার ক্ষেত্রে এই প্রতিবন্ধকতা দীর্ঘসময় ধরে আমাদের মক্কেলদের অপ্রয়োজনীয় ভোগান্তি, তাদের নিরাময়ের জন্য অস্থিতিশীল ব্যাঘাত, এবং ওভারডোজ ও মৃত্যুর সাংঘাতিক ঝুঁকির সম্মুখীন হতে বাধ্য করেছে। এই আইনটি একটি অতি জরুরি জনস্বাস্থ্য ব্যবস্থা, এর ফলে চিকিৎসকেরা কারাবন্দী রোগীদের জন্য চিকিৎসা প্রয়োগ করতে পারবেন যা সহজেই জীবন বাঁচাবে। লিগ্যাল এইড সোসাইটি সিনেটর জামাল বেইলি ও অ্যাসেম্বলিমেম্বার লিন্ডা রোজেনথালকে এই আইনের হাল ধরার ক্ষেত্রে তাদের সাহসী নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছে এবং এই বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোচুলের প্রশংসা করছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন